



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন  
কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০  
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)  
www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৭.২১.০০৫.২০০৫- ১৫৪

তারিখঃ ২২ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ।

বরাবর  
যুগ্মপরিচালক (সার)  
বিএডিসি, সিলেট।

বিষয়ঃ সিলেট অঞ্চলের শায়েস্তাগঞ্জ পৌরসভার কার্যালয় হিসেবে বিএডিসি'র স্থাপনা ভাড়া চুক্তির মেয়াদ নবায়নের জন্য চুক্তি খসড়া কপি প্রেরণ প্রসঙ্গে

সূত্রঃ আপনার দপ্তরের স্মারক নং-১২৩ তারিখঃ ১৯/০৭/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট অঞ্চলের শায়েস্তাগঞ্জ ৩০০০ মেঃ টন গুদাম সংলগ্ন বিএডিসি'র স্থাপনা শায়েস্তাগঞ্জ পৌরসভার কার্যালয় হিসেবে ভাড়া চুক্তির মেয়াদ নবায়ন চুক্তিপত্রের প্রেরিত খসড়ায় আইন বিভাগ কর্তৃক কতিপয় বিষয় সন্নিবেশ করার মতামত/সংশোধনীর সুপারিশ করা হয়েছে। আইন বিভাগের মতামত/সংশোধনীর আলোকে নিম্নোক্ত বিষয়গুলো সংযোজন প্রয়োজন।

১. চুক্তির পক্ষগণের নাম ও ঠিকানা।
২. তারিখসহ চুক্তির মেয়াদ।
৩. চুক্তির মেয়াদকালীন সময়ে মাসিক ভাড়ার হার।
৪. যে উদ্দেশ্য জায়গা ব্যবহৃত হবে তার বিবরণ।
৫. মূল চুক্তির রেফারেন্স।
৬. চুক্তি কার্যকর হওয়ার তারিখ।

এমতাবস্থায়, সিলেট অঞ্চলের শায়েস্তাগঞ্জ ৩০০০ মেঃ টন গুদাম সংলগ্ন বিএডিসি'র স্থাপনা শায়েস্তাগঞ্জ পৌরসভার কার্যালয় হিসেবে ভাড়া চুক্তির মেয়াদ নবায়ন চুক্তিপত্রের প্রেরিত খসড়ায় উপর্যুক্ত বিষয়াদি সন্নিবেশপূর্বক সংশোধন ও সংযোজন করে পুনরায় নবায়ন চুক্তিপত্রের খসড়া প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তঃ খসড়া নবায়ন চুক্তির ০১ সেট, ০৪ পাতা।



(আশুতোষ দাস)  
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)  
বিএডিসি, ঢাকা।  
ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
২. জনাব মোঃ ছালেক মিয়া, মেয়র, শায়েস্তাগঞ্জ পৌরসভা, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।
৩. দপ্তর লিপি।